জানুয়ারি-জুন ২০২১

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

## কল্যাণপুর পোড়াবস্তিতে ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান



সামাজিক পরিবেশ, একতা, শান্তি ও সহভাগিতা জোরদারকরণ বিষয়ে ২৫ মার্চ ২০২১ কল্যাণপুর পোড়াবস্তিতে ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে অতিথি ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর দেওয়ান মো. আব্দুল মান্নান, কমিউনিটি ফোরামের সভাপতি মোর্শেদা বেগম, কল্যাণপুর সিবিও নেতা মো. শাহ আলম, মো. নুর উদ্দিন। অনুষ্ঠানে আইইডি সংগঠিত নারীদল সদস্য, যুব ফোরাম ও কিশোরীদল সদস্য, তাদের পরিবার সদস্য এবং কল্যাণপুর পোড়াবস্তির নারী ও পুরুষরা অংশগ্রহণ করেন। যুব ফোরাম ও কিশোরীদল সদস্যদের'আমরা করব জয়' গানের সাথে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন কাউন্সিলর দেওয়ান মো. আব্দুল মান্নান।

কল্যাণপুর পোড়াবস্তি বেলতলা মাঠে ঢাকা ইউনিটের কিশোরীদলের ও যুব ফোরামের সাংস্কৃতিক ও খেলাধুলা অনুষ্ঠানটি ২টি অংশে পরিচালনা করা হয়। একটি কিশোরীদল, যুব ফোরামও নারীদল সদস্যদের খেলাধুলা এবং অন্যটি তাদের সাংস্কৃতিক অনুষ্ঠান। কিশোরীদল ও যুব ফোরামের জন্য খেলা ছিল- দৌড় এবং নারীদল সদস্যদের জন্য বালিশ খেলা। প্রত্যেক খেলায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী তিনজনকে পুরস্কৃত করা হয়।

খেলাধুলার পর কিশোরী ও যুবরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। করোনাকালীন বাস্তবতা নিয়ে কিশোরীদল ও যুব ফোরাম সদস্যদের অভিনীত 'করোনাকে প্রতিরোধ এবং বাল্যবিয়ে বন্ধ করব' নাটকটি সকলের প্রশংসা পেয়েছে। দলসদস্যদের সন্তানরা যেমন খুশি তেমন সাজোতে অংশগ্রহণ করে। কমিউনিটি ফোরামের সভাপতি মোর্শেদা বেগম, সিবিও নেতা মো. শাহ আলম ও মো.নুর উদ্দিন বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



## কল্যাণপুর পোড়াবস্তির কিশোরী দলের স্বাস্থ্যবিধি সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত

কল্যাণপুর পোড়াবস্তির কিশোরী দলসদস্যদের ২দিন ব্যাপী স্বাস্থ্যবিধি সংক্রান্ত প্রশিক্ষণ ২৯-৩০ জানুয়ারি ঢাকা ফোক সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) কল্যাণপুর পোড়াবস্তির কিশোরী দলসদস্যদের জন্যপ্রশিক্ষণটি আয়োজন করে। প্রশিক্ষক ছিলেন মিনহাজুল আবেদীন ও আইইডি'র সহযোগী সমন্বয়কারী সঞ্চিতা তালুকদার ।

প্রশিক্ষকগণ কোভিড-১৯ প্রসঙ্গে বলেন যে, কোভিড পরিস্থিতি মোকাবিলা করতে নিজের, পরিবারের সদস্য ও প্রতিবেশী সকলের ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও নিরাপত্তা রক্ষার জন্য কিছুক্ষণ পর পর সাবান দিয়ে হাত ধোয়া বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার ও মাস্ক পরে স্বাস্থ্যসুরক্ষা করা প্রয়োজন। শারীরিক দূরত্ব বজায় রাখা, খাদ্যাভ্যাস পরিবর্তন, মনোগঠন পরিবর্তন, ব্যায়াম করা এবং মাস্ক পরে সরকারের স্বাস্থ্যবিধি নিয়মিত মেনে নিজেরা সুরক্ষিত থেকে কাজ করা দরকার। তাই সবাইকে নিয়মিত ব্যায়াম করা, হাত ধোয়া, মাস্ক পরা ইত্যাদির জন্য উদ্বুদ্ধ করতে হবে। কিশোরীদের ব্যক্তিগত স্বাস্থ্য পরির্চ্চা সম্পর্কে তাঁরা বলেন, কিশোরীদের মাসিকের সময় ব্যবহার করা প্যাড বা কাপড় যথাসময়ে পরিবর্তন ও তা পরিষ্কার করতে হবে।

## সাভারে নারী দিবসে জনকথকতা অনুষ্ঠিত



ঢাকা জনউদ্যোগের সদস্যরা আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষে পরিবারের সকল নারী ও পুরুষকে সমমর্যাদা প্রদান ও সমান দৃষ্টিতে দেখার শপথ নেন। আইইডির সহায়তায় দিবসটি উপলক্ষে ৭ মার্চ ২০২১ সাভারের বনপুকুরের চাইল্ড হেভেন স্কুলে জনকথকতা (আলোচনাসভা) আয়োজন করে জনউদ্যোগ।

মাহবুবুল আলম ফিরোজের সভাপতিত্বে জনকথকতায় প্রধান অতিথি ছিলেন সাভার পৌরসভার সংরক্ষিত আসনের কাউন্সিলর সুলতানা রাজিয়া, বিশেষ অতিথি ছিলেন চাইল্ড হেভেন স্কুলের প্রধান শিক্ষক কাবুল মিয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট নজরুল ইসলাম, আইইডির সহযোগী সমন্বয়কারী সঞ্চিতা তালুকদার, জনউদ্যোগ জাতীয় কমিটির সদস্যসচিব তারিক হোসেন প্রমুখ। সভা সঞ্চালনা করেন সিমান্ত সিরাজ।

বক্তারা বলেন, সমাজ জীবনে নারীর অগ্রযাত্রা চলমান। তারপরও আজও অনেক বাধা রয়েছে। নানা রকম বাধা মোকাবিলা করেই তাদের এগিয়ে যেতে হচ্ছে। এ বাধাসমূহ পরিবার, সমাজ ও রাষ্ট্রের সর্বস্তরে দৃশ্যমান। দেশে আইন ও বিধি দ্বারা নারী আজ অনেক সুরক্ষিত। তবুও পারিবারিক নির্যাতন, ধর্ষণ, খুন, ইভটিজিং, অপপ্রচার, অশালীন মন্তব্য ও আচরণের কারণে নারীরা পরিবার, সমাজ ও কর্মক্ষেত্রে বঞ্চনার শিকার।সম্পত্তিতে সমান অধিকার, সমমজুরি ও সমমর্যাদা থেকে আজও তারা বঞ্চিত। এসব বৈষম্য মূলত অর্থনৈতিক ও রাজনৈতিক। আর সমাজের পিতৃতান্ত্রিক ব্যবস্থা ও পুরুষতান্ত্রিক মানসিকতার জন্য এ বৈষম্য টিকে রয়েছে। তাই সম্মিলিতভাবে এই ব্যবস্থা বদলের জন্য কাজ করতে হবে। মানুষের মনোজগত পরিবর্তনের মাধ্যমে সমাজ পরিবর্তনের কাজ সম্পন্ন করতে হবে। তাহলেই মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (এসডিজি) অর্জন সম্ভব।

# কুতথ্য প্রতিরোধে ময়মনসিংহে টিসিএস প্রশিক্ষণ শুরু



সামাজিক যোগাযোগ মাধ্যমে কুতথ্য প্রতিরোধে নাগরিক সমাজকে সক্রিয় করতে ময়মনসিংহে ৭ মাসব্যাপী প্রতি মাসে ৩ দিনের প্রশিক্ষণ শুরু হয়েছে। এতে দুটি গ্রুপে ৪০ জন যুব নর নারী অংশগ্রহণ করছেন। ২ এপ্রিল ময়মনসিংহ শহরে এনজিও ফোরাম কনফারেন্স হল এবং ৩ এপ্রিল দাপুনিয়া ডিকেজিএস ইউনাইটেড কলেজ অডিটোরিয়ামে পৃথকভাবে প্রশিক্ষণ দুটি শুরু হয়।

দি এশিয়া ফাউন্ডেশনের সহায়তায় ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) আয়োজিত প্রশিক্ষণে স্থানীয় যুব নাগরিক সমাজসদস্যরা অংশগ্রহণ করছেন। মাসে ৩ দিন করে আগামী সাত মাস এই প্রশিক্ষণ চলবে। প্রশিক্ষণ দুটির উদ্বোধনী আলোচনায় অংশ নেন কনসালটেন্ট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক ড. শান্তনু মজুমদার, আইইডির সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়, দাপুনিয়া ডিকেজিএস ইউনাইটেড কলেজের অধ্যক্ষ মাহমুদুল হাসান আরিফ, আইইডির সহকারী সমন্বয়কারী সিয়াম সারোয়ার জামিল, প্রশিক্ষক হাফিজ আদনান ও শেখ মুহম্মদ ইমরান সাঈদ, আইইডি ময়মনসিংহ কেন্দ্রের ব্যবস্থাপক নুর নাহার বেগম এবং কর্মসূচি সংগঠক লুৎফুন্নাহার লিজা ও শ্যাম সাগর মানকিন প্রমুখ।

আলোচনায় ড. শান্তনু মজুমদার বলেন, দেশজুড়ে গুজব বা কুতথ্য ছড়িয়ে পড়ছে। এতে সহিংসতা বাড়ছে, সম্প্রীতি নষ্ট হচ্ছে ও হানাহানি ঘটছে। সামাজিক সম্প্রীতি বৃদ্ধি করতে কুতথ্য প্রতিরোধে সচেতন নাগরিক হিসেবে তরুণদের সচেতন ও সক্রিয় অংশগ্রহণের বিকল্প নেই।




জনজাতি বিষয়ক সাংবাদিকতার জন্য ৭ গণমাধ্যমকর্মী ও ৩ কলাম লেখককে সম্মাননা দিয়েছে ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি)। একই অনুষ্ঠানে জনজাতির অধিকার আদায়ের আন্দোলনে অসামান্য অবদান রাখায় প্রবীণ রাজনীতিক পংকজ ভট্টাচার্যকে আজীবন সম্মাননা দেয়া হয়।




যশোরে যুব ফোরাম সদস্যরা দরিদ্র শ্রমজীবীদের জন্য বিনামূল্যে করোনা প্রতিরোধী টিকা নিবন্ধন কার্যক্রম



১৭ ফেব্রুয়ারি ২০২১ যশোরে বার্ষিক সামাজিক সমাবেশে ফুটবল প্রতিযোগিতায় অংশ নেন স্থানীয় নারীরা।



করোনাকালীন অনলাইন স্কুল পরিচালনার জন্য জনউদ্যোগকে বিশেষ সম্মাননা প্রদান করে শেরপুর জেলা প্রশাসন।



করোনাকালে নারী নেতৃত্ব এবং খাদ্য সহায়তা ও সচেতনতামূলক কার্যক্রমে বলিষ্ঠ ভূমিকা রাখায় যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকারকে সম্মাননা জানায় জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর।



কুতথ্য প্রতিরোধে ময়মনসিংহের জনপ্রতিনিধি ও সুশীল সমাজ সদস্যদের নিয়ে কর্মশালা করে ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি)।



কুতথ্য প্রতিরোধে যশোরে স্থানীয় গণমাধ্যমকর্মীদের নিয়ে কর্মশালা করে ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি)।

# শিশুদের ভবিষ্যত চিন্তা ২৪ শতাংশের যশোরে পরিকল্পনা করে ব্যয় করেন ৫৪.৩৫ শতাংশ নারী

যশোরে ৫৪.৩৫% নারী এখন পরিকল্পনা করে ব্যয় করেন। প্রতি মাসের ব্যয়ের আগে তারা একটি পরিকল্পনা তৈরি করে নেন। শিশুদের ভবিষ্যৎ নিয়েও পরিকল্পনা রয়েছে অনেক নারীর। ২৪.২১% নারী শিশুদের নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা করেন।

আইইডির এক সার্ভে প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। রিপোর্ট থেকে জানা গেছে, সংস্থার এক হাজার ৪৫ জন নারীর উপর এই সার্ভে করা হয়েছে। শহরের বারান্দিপাড়া ও পুরাতন কসবা এবং শহরতলীর ঝুমঝুমপুর এলাকার নারীরা জরিপে অংশগ্রহণ করেন। জরিপের সময় নারীর কাছ থেকে ১০ টি প্রশ্নের তথ্য নেওয়া হয়।

জরিপে অংশ নেয়া এসব নারীর ৫৪.৩৫% জানান, তারা পরিকল্পনা করে মাসিক ব্যয় করেন। ৪৭.৯৪% নারী জানান তারা পরিকল্পনা করেন সম্পদ হিসেবে শ্রম, দক্ষতা ও সময় ব্যবহার করার জন্যে। ২৪.২১% নারী জানান, তাদের শিশুদের জন্যে ভবিষ্যৎ পরিকল্পনা করেন। আয় থেকে সঞ্চয় করেন ৩৪.৩৫% নারী। ৫৭.১৩% নারী নিজের আয় থেকে নিজের সিদ্ধান্তে ব্যয় করতে পারেন। প্রত্যেক নারী মাসে গড়ে ৩০২৩ টাকা আয় করেন বলে সার্ভেতে উঠে এসেছে।

জরিপে রিপোর্টে উল্লেখ করা হয়, ১০৪৫ জন নারী সদস্যের মধ্যে ৬৪২ জন আয় করে থাকেন। বাকিরা কোনো আয়ের সাথে জড়িত নেই। জরিপে থেকে পাওয়া তথ্যে দেখা গেছে, ১০৪৫ জন সদস্যের মধ্যে পরিবারের আয়-ব্যয়ের ক্ষেত্রে অংশগ্রহণ আছে ৬১৪ জনের। সেই হিসেবে ৫৮.৭৫% নারীর অংশগ্রহণ আছে পরিবারের কাজে। চলাচলের ক্ষেত্রে ৮৬.৭৯% নারী পরিবারে নিরাপদ মনে করেন। কর্মক্ষেত্রে স্বাচ্ছন্দ্য বোধ করেন ৫৫.৫০% নারী।

আইইডি সংগঠিত শ্রাবণ, বৈশাখী, ফাল্গুনী, শিউলি, মালতি, কাঁঠালিচাঁপা, রংধনু, চৈতালি, ফুলকুঁড়ি, চয়ন, কৃষ্ণচূড়া, সোনারতরী, আদর্শ, সমকাল, লতা, বিজয়, সূর্য, নীলকণ্ঠ, কর্ণফুলি, গঙ্গা, স্মৃতি, কল্যাণী, শাপলা, মেঘলা, সকাল, স্বাগতম, শক্তি, টিয়া, জবা, চামেলী, ডালিয়া, ভাষা, রজনীগন্ধা, বেলি, গোলাপ, সবুজ, স্বরলিপি, মেঘনা, বাঁচতে শেখা, কলাবাগান, সোনালি, তারা, মল্লিকা, কদম, সূর্যমুখী, বন্ধন, নূপুর, কলমি, ভৈরব ও স্বপ্ন দলের নারী সদস্যরা সার্ভেতে অংশ নেন।

# শাহনাজ খানম : প্রশিক্ষণার্থী থেকে দক্ষ প্রশিক্ষক


শাপলা নারীদলের সভানেত্রী শাহনাজ খানম বর্তমানে আইইডি ময়মনসিংহ কেন্দ্রের সংগঠিত দলসদস্যদের অন্যতম নেতার একজন ও সেলাই প্রশিক্ষণের প্রশিক্ষক। শাহনাজ খানম সবসময়ই নতুন কিছু শিখতে ও জানতেভীষণ উৎসুক। ৪ বোন ১ ভাইয়ের সাথে বেড়ে উঠেছেন তিনি। বাবা আব্দুল করিম ছিলেন ফার্মেসী ব্যবসায়ী ও মা আল্পনা বেগম ছিলেন গৃহিণী। শাহনাজ,পড়াশুনা করেছেন এসএসসি পর্যন্ত। তারপর কলেজে ভর্তি হলেও মাত্র ১৭ বছর বয়সে বিয়ে হয় স্কুল শিক্ষক আলী রিয়াজ খানের সাথে। বিয়ের পর পড়াশোনার ইচ্ছা থাকলেও তা আর এগোয়নি। কিন্তু ২ সন্তানের জননী শাহনাজ খানম থেমে থাকেননি। বিভিন্ন বেসরকারি সংস্থার সাথে যুক্ত থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন, শিখেছেন অনেক কিছু।



২ বছর আগে আইইডি ময়মনসিংহ কেন্দ্র থেকে সেলাই প্রশিক্ষণ গ্রহণ শেষে তিনি চর্চা করতে থাকেন ও সেলাইয়ের উপর আরো প্রশিক্ষণ নেন। প্রথমে শুধু নিজের ও পরিবারের সবার জন্য কাপড় সেলাই করলেও ধীরে ধীরে এলাকায় মজুরি ভিত্তিক সেলাইকাজ শুরু করেন। ফলে যেমন নিজে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হন সেই সাথে দক্ষতা বৃদ্ধি পেতে থাকে। প্রতি মাসে শাহনাজ প্রায় ৩০০০ টাকা আয় করেন সেলাই কাজ করে। এলাকায় তার কাজের প্রসার বেড়েছে। প্রতিবেশীরা ছাড়াও অন্যান্য এলাকা থেকেও পরিচিত সবাই তার কাছে আসেন কাপড় সেলাই করতে।

এখন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে শাহনাজ খানম প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ দিচ্ছেন অন্য নারীদল সদস্যদের। এতে নারীদলের অনেক সদস্য অনুপ্রাণিত হচ্ছেন। তারাও সেলাই শিখে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে আগ্রহী। তিনি আইইডির প্রতি কৃতজ্ঞতা জানান। এভাবে কাজের সুযোগ করে দেওয়ার জন্য এবং সেই সাথে আগামী দিনে আরো নতুন কিছু শিখবেন বলে আশাকরেন।

## শুক্লা পালের খাবার হোটেলের সংসার



কোভিড-১৯ এর মহামারির প্রভাবে সারা বিশ্বের মতো বাংলাদেশে নিম্নআয়ের অনেকেই হিমশিম খাচ্ছে তাদের জীবনযাপন করতে। মৌলিক চাহিদা থাকছে অপূরণীয়। বেঁচে থাকাটাই এখন চ্যালেঞ্জ। এমন অবস্থায় ময়মনসিংহ শহরের কালীবাড়ির মধ্যচরে সংগঠিত নারীদল সদস্য শুক্লা পাল আত্মবিশ্বাসে ভর করে কাঁধে তুলে নিয়েছেন পুরো সংসারের দায়িত্ব।

নিকটজনদের কাছে নিজের রান্নার প্রশংসা পেয়েছেন বরাবর। মা মায়ারাণী পালের কাছে শেখা শুক্লার হাতের রান্নায় বাবা অরুণ চন্দ্র দাস ছিলেন মুগ্ধ। আর সকলের সমর্থন ছিলো পুঁজি ও সাহস। এছাড়া করোনার সময় আইইডির দলসভায় তিনি বিভিন্ন ব্যবসা সম্পর্কে জেনে উদ্বুদ্ধ হন।

স্বামী লিটন বাবু পাল করোনার কারণে রাজধানীর এক হোটেল থেকে কাজ হারিয়ে বাড়ি চলে আসলে শুক্লা নতুন করে বাঁচার চিন্তা করেন। স্বামীর অভিজ্ঞতা আর নিজের প্রতি ভরসা থেকেই দ্বিতীয় শ্রেণি পর্যন্ত পড়া শুক্লা শুরু করেন হোটেল ব্যবসা। কালীবাড়ি বেড়িবাঁধের উপর নিজের ঘরের সামনে স্বল্প জায়গায় মাত্র ৮০০০ টাকা পুঁজিতে শুরু করেন খাবার হোটেলের ব্যবসা। স্বল্প পুঁজি নিয়ে শুরু করলেও এখন ৫ সদস্যের পরিবারের ভরণ পোষণ হয়ে যায়। প্রতিমাসে হোটেল ও পরিবারের খরচ বাদে ৩-৪ হাজার টাকা হাতে থাকে। ২ ছেলে আর ১ মেয়ে নিয়ে তাদের পরিবার। সম্প্রতি বড় ছেলে ময়মনসিংহে একটি হোটেলে কাজ শিখছে। ছেলে তার মাকে স্বপ্ন দেখায় তাদের হোটেলের পরিসর আরো বড় হবে। তখন এই খাবার হোটেলের সুন্দর একটা নাম হবে, যে নাম পরিচিত হবে সবার কাছে।

কোভিড পরিস্থিতিতে যদিও ব্যবসা মন্দা তবুও শুক্লা পাল হাল ছাড়তে রাজি নন। টিকে থাকার লড়াইয়ে শুক্লা পাল খাবার হোটেল শুরু করেছিলেন, এখন স্বপ্ন দেখেন ব্যবসা ধরে রাখতে ও পরিধি বাড়াতে। সকলের প্রিয় শুক্লা দি তাই আইইডি ও শুভাকাঙ্ক্ষীদের ধন্যবাদ জানান তার পাশে থাকার জন্য।

## ব্রডব্যান্ড সংযোগের আওতায় আসছে সাড়ে ৪ হাজার ইউনিয়ন পরিষদ

ব্রডব্যান্ড সংযোগের আওতায় আসছে দেশের সাড়ে ৪ হাজার ইউনিয়ন পরিষদ ।জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। তিনি জানান ২০২১ সালের মধ্যে ইউনিয়ন পরিষদকে ফাইবার অপটিক ব্রডব্যান্ড কানেক্টিভিটির আওতায় আনা হবে। দেশে বিটিসিএলের মাধ্যমে ১ হাজার ২০০ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ইনফো সরকার-৩ প্রকল্পের আওতায় ২ হাজার ৬০০ ইউনিয়নে ফাইবার অপটিক কেবলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে ।তিনি বলেন, চতুর্থ শিল্পবিপ্লবের যুগে ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্যসহ সব কার্যক্রম ইন্টারনেট নির্ভর হয়ে উঠেছে। প্রায় ৩ হাজার ৮০০ ইউনিয়নে হাইস্পিড ফাইবার অপটিক ক্যাবল কানেক্টিভিটি পৌঁছে গেছে। আইসিটি বিভাগের কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে ৬১৭টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে হাইস্পিড ইন্টারনেট কানেক্টিভিটি পৌঁছে দেওয়া হবে। চলতি বছরে মূল অবকাঠামো তৈরির কাজ শেষ হবে।

২ মে ২০২১ টেলিযোগাযোগ সুবিধাবঞ্চিত এলাকার ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন প্রকল্পের ইউনিয়ন পর্যায়ে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন কাজের উদ্বোধন উপলক্ষে অনলাইন প্ল্যাটফর্মে যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন।

## নেত্রকোণায় করোনা প্রতিরোধে ক্যাম্পেইন

মহামারি করোনা ভাইরাস প্রতিরোধ ওপরিবেশরক্ষায় ধুলিমুক্ত নেত্রকোনা জেলা শহর গড়তে নাগরিকদের মাঝে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনসচেতনতামূলক মানববন্ধন, পথচারীদের মাঝে লিফলেট ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে।

আইইডি'র ব্যবস্থাপনায় 'জনউদ্যোগ' ২৬ এপ্রিল ১১-১২টা পর্যন্ত প্রেসক্লাবের সামনের সড়কে পৌরসভার মোড়ে এইসব কর্মসূচি পালন করে।

জনউদ্যোগ নেত্রকোনার ভারপ্রাপ্ত আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা হায়দার জাহান চৌধুরীর সভাপতিত্বে সদস্য কবি সাইফুল্লাহ এমরানের সঞ্চালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন উদীচীর সভাপতি মোস্তাফিজুর রহমান খান, নারী প্রগতি সংঘের ব্যবস্থাপক মৃণাল কান্তি চক্রবর্তী, মিতালী সংঘের সম্পাদক এটিএম এ রাজ্জাক, সাংবাদিক একেএম আব্দুল্লাহ্, আলতাবুর রহমান কাসেম, আলোকিত নেত্র পত্রিকার সম্পাদক মনিরুজ্জামান, জেলা নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সম্পাদক আলপনা বেগম, সাংবাদিক আনিসুর রহমান, বঙ্গবন্ধু পরিষদের সম্পাদক আনোয়ার জহির লিটন ও জনউদ্যোগ ফেলো শ্যামলেন্দু পাল। এ সময় পথচারীদের মাঝে জনউদ্যোগের পক্ষ হতে জনসচেতনতামূলক লিফলেট ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়।

## শেরপুরে সম্প্রীতি বিতর্ক




শেরপুর শহরের খড়মপুরে সম্প্রীতি বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। ২৯ মার্চ ২০২১ ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি)র ইয়ুথ অ্যাজ চেঞ্জ এজেন্ট ফর সোসাল কোহেশন প্রকল্পের আওতায় এই বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়। উদ্বোধক ছিলেন শেরপুর পৌরসভার প্যানেল মেয়র নজরুল ইসলাম। সমাপনী পর্বে প্রধান অতিথি ছিলেন শেরপুরজেলার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মো. বিলাল হোসেন। আইইডি'র প্রোগ্রাম অফিসার ইমতিয়াজ চৌধুরী শৈবালের সঞ্চালনায় ও প্রকল্প সমন্বয়কারী মানিক পালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন ডিএসবির ডিআইও-১ আবুল বাশার মিয়া, শেরপুর প্রেসক্লাবের সভাপতি শরিফুর রহমান, পুলিশ লাইন একাডেমি ফর ক্রিয়েটিভ এডুকেশন এর প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ ও শেরপুর ডিস্ট্রিক্ট ডিবেট ফেডারেশন এর সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক বরকত উলাহ।

প্রতিযোগিতায় ৬টি ইউনিয়ন ও শেরপুর পৌরসভার ২টিসহ ৮টি দল অংশগ্রহণ করে। চূড়ান্ত পর্বে শেরপুর পৌরসভা-১ দল শেরপুর পৌরসভা-২ দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন শেরপুর ডিস্ট্রিক্ট ডিবেট ফেডারেশন (এসডিডিএফ) এর সভাপতি সাংবাদিক দেবাশীষ ভট্টাচার্য, জনউদ্যোগ শেরপুরের সদস্যসচিব হাকিম বাবুল, এসডিডিএফ-এর সহসভাপতি আবুল কালাম আজাদ, কবি হাসান শরাফত, এসডিডিএফ-এর যুগ্ম সাধারণ সম্পাদক বরকত উল্লাহ, এসডিডিএফ-এর সাংগঠনিক সম্পাদক শুভংকর সাহা, সাবেক কর্মশালা বিষয়ক সম্পাদক বিতার্কিক খন্দকার শাহরিয়ার সৌরভ। বিতর্ক প্রতিযোগিতায় সহযোগিতা করে বাংলাদেশ ডিবেট ফেডারেশন (বিডিএফ) ও শেরপুর ডিস্ট্রিক্ট ডিবেট ফেডারেশন (এসডিডিএফ)

## শেরপুরে স্বেচ্ছাশ্রমে রাস্তা সংস্কার

শেরপুরের পাকুরিয়া ইউনিয়নে আইইডি'র ইয়ুথ অ্যাজ চেঞ্জ এজেন্ট ফর সোসাল কোহেশন প্রকল্পের সংগঠিত ও উজ্জীবিত যুবসদস্যরা স্বেচ্ছায় নিজেদের অর্থায়নে জনগণের চলাফেরার দুর্ভোগ লাগব করতে রাস্তা সংস্কারের ব্যবস্থা করেন। পাকুরিয়া ইউনিয়নের বাদাপাড়া গ্রামের এই পাকা রাস্তাটি গত বর্ষায় ভেঙে যাওয়ার ফলে ঐ অঞ্চলের প্রায় ৮ হাজার মানুষ প্রতিদিন দুর্ভোগ পোহাতো। রাস্তা সংস্কারের এ কাজে আইইডি তাদের উৎসাহ যোগায়।



# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জানুয়ারি-জুন ২০২১

## শেরপুরে ইউনিয়ন পর্যায়ে নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ




শেরপুরের কামারিয়া, ধলা, পাকুরিয়া ও চরশেরপুর ইউনিয়নে পর্যায়ক্রমে নেতৃত্ব বিকাশ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এই প্রশিক্ষণগুলোতে অতিথি হিসেবে অংশগ্রহণ করেছেন সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলী, সামাজিক নেতা ও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি। প্রতিটি প্রশিক্ষণে ২০ জন করে অনুর্ধ্ব ৩০ বছর বয়সী যুব নরনারী অংশগ্রহণ করেছেন। ৪ মার্চ কোহাকান্দা এসহক উচ্চ বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত ধলা ইউনিয়নের কর্মশালার সমাপনী দিনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শেরপুর জেলা পুলিশের বিশেষ শাখা ডিএসবির ডিআইও-১ মো. আবুল বাশার মিয়া। তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে নারী ও শিশু নির্যাতন দমন, বাল্যবিবাহ, যৌতুক ও ইভটিজিং বন্ধে সরকারের গৃহীত আইন ও পদক্ষেপসমূহ তুলে ধরেন।

২১ মার্চ চরশেরপুর ইউনিয়নের কর্মশালা শুরুর দিন উদ্বোধক ছিলেন চরশেরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার হোসেন সুরুজ। আইইডির প্রকল্প সমন্বয়কারী মানিক পাল ও প্রোগ্রাম অফিসার ইমতিয়াজ চৌধুরী শৈবাল প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন।চারটি প্রশিক্ষণ কর্মশালায় ৪৪ যুবও ৩৬ যুব নারীসহ ৮০ জন অংশগ্রহণ করে।




খুলনায় যুব ফোরাম সদস্যদের আইসিটি দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ

# শেরপুরে আন্তর্জাতিক নারীদিবস উদযাপিত




৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে শেরপুরে অবস্থান কর্মসূচি, আলোচনাসভা ও র‌্যালির আয়োজন করে ইন্সটিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি)।

সকাল ১১টায় শেরপুর প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচির মধ্যদিয়ে এই আয়োজন শুরু হয়। এসময় আবৃত্তিকার শ্যামলী মালাকারের সঞ্চালনায় বক্তব্য প্রদান করেন জনউদ্যোগ শেরপুরের আহবায়ক আবুল কালাম আজাদ, প্রেসক্লাবের সভাপতি শরিফুর রহমান, অধ্যাপক শিবশঙ্কর কারুয়া, শেরপুর আইইডি'র সমন্বয়কারী মানিক পাল, শেরপুরজেলা মহিলা পরিষদের আহবায়ক লুতফুল নাহার, আদিবাসী নেতা সুমন্ত বর্মণ, নারীনেত্রী আইরিন পারভীন, সমাজসেবী প্রতিভা নন্দী তিথি, প্রেসক্লাবের সহসভাপতি শহিদুল ইসলাম প্রমুখ।

বক্তারা নারীর প্রতি সহিংসতা রোধ ও সকল পর্যায়ে নারীর অংশীদারিত্ব নিশ্চিত করতে দাবি ও পরিকল্পনা তুলে ধরেন। পিতা ও স্বামীর সম্পত্তিতে নারীর অধিকার নিশ্চিত করতে আইন প্রনয়ণ করা এবং ধর্ষণ রোধ ও এর শাস্তি নিশ্চিত করতে ধর্ষকের সাথে ভুক্তভোগীর বিয়ে বন্ধের সুপারিশ করেন। এসময় জনউদ্যোগ শেরপুরের সদস্য সচিব হাকিম বাবুল, আইইডি'র প্রোগ্রাম অফিসার শাহ মুহাম্মদ ইমতিয়াজ চৌধুরী শৈবাল, শেরপুর উপজেলা কমিউনিস্ট পার্টির সভাপতি সোলায়মান আহমেদসহ প্রায় ২ শতাধিক নারী-পুরুষ উপস্থিত ছিলেন। পরে আবৃত্তি ও গণসংগীতের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।




জনউদ্যোগ যশোর ২০ মার্চ ২০২১ ভৈরব চত্বরে, পরিবেশ, নারী জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘু ইস্যুতে পথ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে।

## সরকারের সেফটি নেট কর্মসূচি

| ভাতার নাম | সেবা পাবেন যেখানে | সহায়তার পরিমাণ | ভাতা প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী |
|---|---|---|---|
| বয়স্ক ভাতা | উপজেলা সমাজসেবা কার্যালয় | প্রতি মাসে ৫০০ টাকা করে তিন মাস অন্তর ১৫০০ টাকা পায় | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় নম্বর থাকতে হবে;<br>৩. বয়স পুরুষের ক্ষেত্রে সর্বনিম্ন ৬৫ বছর এবং নারীদের ক্ষেত্রে সর্বনিম্ন ৬২ বছর হতে হবে;<br>৪. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১০,০০০ (দশ হাজার) টাকা হতে হবে;<br>৫. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।<br>বিঃ দ্রঃ :বয়সের ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন সনদ, এসএসসি/সমমান পরীক্ষার সনদপত্র বিবেচনা করতে হবে। |
| বয়স্ক ভাতা | উপজেলা সমাজসেবা কার্যালয় | প্রতি মাসে ৫০০ টাকা করে তিন মাস অন্তর ১৫০০ টাকা পায় | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;<br>৩. বয়ঃবৃদ্ধা,অসহায় ও দুঃস্থ বিধবাবা স্বামী নিগৃহীতা নারীকে অগ্রাধিকার প্রদান করা হবে;<br>৪. যিনি দুঃস্থ, অসহায়, প্রায়ভূমিহীন, বিধবাবা স্বামী নিগৃহীতা এবং যার ১৬ বছর বয়সের নিচে ২টি সন্তান রয়েছে, তিনি ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;<br>৫. দুঃস্থ, দরিদ্র, বিধবা ও স্বামী নিগৃহীতাদের মধ্যে যারা প্রতিবন্ধী ও অসুস্থ তারা ভাতা পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;<br>৬. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১২,০০০ (বারো হাজার) টাকা হতে হবে; |
| প্রতিবন্ধী ভাতা | উপজেলা সমাজসেবা কার্যালয় | প্রতিমাসে ৭৫০ টাকা করে তিন মাস অন্তর ২২৫০ টাকা পায়। | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;<br>৩. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১০,০০০ (দশ হাজার) টাকা হতে হবে। |
| দলিত ছাত্র ছাত্রীদের জন্য উপবৃত্তি | উপজেলা সমাজসেবা কার্যালয় | বরাদ্দ অনুযায়ি প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং উচ্চতর। গত বছর উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি পেয়েছে ৬ মাসে ১৪৫৫০ টাকা | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;<br>২. জন্ম নিবন্ধন নম্বর থাকতে হবে;<br>৩. শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত হতে হবে;<br>৪. বয়স ৫ বছর বাতদুর্ধ্ব হতে হবে;<br>৫. শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় অনূর্ধ্ব ৬০,০০০ (ষাট হাজার) টাকা;<br>৬. মাসে কমপক্ষে ৫০% ক্লাসে উপস্থিতি;<br>৭. বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ এবং নিয়মিত পরীক্ষায় অংশ গ্রহণ;<br>নতুনভাবে স্কুলে ভর্তি হলে ৬ ও ৭ এ বর্ণিত শর্তাবলী শিথিল যোগ্য, তবে পরবর্তী কালে নিয়মিত উপবৃত্তি পাওয়ার ক্ষেত্রে বর্ণিত শর্ত প্রযোজ্য। |
| মাতৃত্বকালীন ভাতা | মহিলা অধিদপ্তর | প্রতি ৬ মাস অন্তর ৯৫০০ টাকা করে ৩ বার পায়। ১৮ মাসে মোট পায় ২৮৫০০ টাকা। | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরচিতি নম্বর থাকতে হবে;<br>৩. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১৫,০০০ (দশ হাজার) টাকা হতে হবে;<br>৪. প্রথম বা দ্বিতীয় গর্ভধারণ কাল;<br>৫. বয়স কমপক্ষে ২০ বাতার উর্ধ্ব;<br>৬. কেবল বসত বাড়ি আছে বা অন্যের জায়গায় বসবাস করেন, কৃষি জমি নেই;<br>৭. দরিদ্র প্রতিবন্ধী মা অগ্রাধিকার পাবেন। |
| ভিজিডি কার্ড | ইউনিয়ন পরিষদ | প্রতি মাসে ৩০ কেজি করে চাল পায়। মেয়াদ কাল ২ বছর। | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে<br>৩. বয়স সীমা ২০ থেকে ৫০ বছর হতে হবে<br>৪. পরিবারে কর্মক্ষম, দুস্থ, স্বামী পরিত্যাক্তা, তালাক প্রাপ্ত নারী আছে এবং উপার্জন ক্ষম সদস্য বা অন্য কোনো আয়ের স্থায়ী/নিয়মিত উৎস নাই |
| ভিজিএফ | ইউনিয়ন পরিষদ | উৎসব কেন্দ্রিক (ঈদুল ফিতর, ঈদুল আযহা) ১০ কেজি চাল। | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে<br>৩. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১০,০০০ (দশ হাজার) টাকা হতে হবে |
| হিজড়া জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন | উপজেলা সমাজসেবা কার্যালয় | বিশেষভাতা ৬০০/- মাসিক উপবৃত্তি : প্রাথমিক-৭০০/-, মাধ্যমিক-৮০০/- উচ্চ মাধ্যমিক-১০০০/-, স্নাতকবা স্নাতকোত্তর-১২০০/-, প্রশিক্ষণ : প্রশিক্ষণার্থীদের আর্থিক সহায়তা ১০,০০০/- (ন্যূনতম) অফেরত যোগ্য | ১. সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে<br>৩. প্রার্থীর বার্ষিক গড় আয় অনূর্ধ্ব ১০,০০০ (দশ হাজার) টাকা হতে হবে |

| | | | |
|---|---|---|---|
| ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি | উপজেলা সমাজসেবা কার্যালয় | আক্রান্ত রোগীদের এককালীন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা হারে আর্থিক সহায়তা | ক) ক্যান্সার রোগের ক্ষেত্রে Histopathology/Cytopathology বা বোনম্যারো রিপোর্ট বাঅন্যান্য টেষ্ট রিপোর্ট থাকতে হবে ।<br>খ) কিডনি রোগের ক্ষেত্রে<br>Acute Renal Failure ev Chronic Renal Failure এ আক্রান্ত ডায়ালাইসিস সেবা নিচ্ছে, কিডনি প্রতিস্থাপনের প্রস্তুতি নিচ্ছে অথবা কিডনি প্রতিস্থাপন করেছে এমন রোগীদের বিবেচনা করতে হবে। রক্তে ইউরিয়া ও ক্রিয়েটিনের মাত্রার রিপোর্ট থাকতে হবে ।<br>গ) লিভার সিরোসিস রোগের ক্ষেত্রে<br>লিভারের আল্ট্রাসনোগ্রামরিপোর্ট ও অন্যান্য টেষ্টরিপোর্ট থাকতে হবে ।<br>ঘ) স্ট্রোকে প্যারালাইজড আক্রান্ত রোগীকে নিউরোলজিষ্ট কর্তৃক প্রত্যায়িত হতে হবে এবং MRI/CT Scan Report থাকলে ভাল হয় ।<br>ঙ) জন্মগত হৃদরোগের ক্ষেত্রে<br>Echo Cardiogram রিপোর্ট এবংঅন্যান্য টেষ্টরিপোর্ট থাকতেহবে ।<br>চ) থ্যালাসেমিয়া রোগের ক্ষেত্রে<br>রক্তের হিমোগ্লোবিন ইলেকট্রোফোরেসিস (Hemoglobin Electrophoresis) বা অন্যান্য প্রযোজ্য পরীক্ষার রিপোর্ট থাকতে হবে ।<br>ছ) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটো কপি) থাকতে হবে ।<br>জ) আবেদনকারী এক অর্থবছরে এক বারের বেশি আবেদন করতে পারবেন না । |
| চা শ্রমিকদের জীবন মান উন্নয়ন কর্মসূচি | উপজেলা সমাজসেবা কার্যালয় | প্রকৃত দুঃস্থ ও গরীব চা-শ্রমিককে নির্বাচন করে প্রতি চা-শ্রমিক পরিবারকে সর্বমোট ৫,০০০ (পাঁচ হাজার) টাকার খাদ্য সামগ্রী | ১. সংশ্লিষ্ট চা বাগানে কর্মরত চা-শ্রমিক হতে হবে;<br>২. জন্ম নিবন্ধন/জাতীয় পরিচিতি নম্বর থাকতে হবে;<br>৩. চা বাগান নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র থাকতে হবে;<br>৪. সর্বনিম্ন ১৮ বছরবয়সহতেহবে;<br>৫. প্রার্থীর বার্ষিক গড় আয়: অনূর্ধ্ব ৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকা হতে হবে;<br>৬. বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে । |
| বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন কর্মসূচি | উপজেলা সমাজসেবা কার্যালয় | স্কুল গামী বেদে ও অনগ্রসর শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে ৪ স্তরে (জন প্রতি মাসিক প্রাথমিক ৭০০, মাধ্যমিক ৮০০, উচ্চ মাধ্যমিক ১০০০ এবং উচ্চতর ১২০০ টাকা হারে) উপবৃত্তি প্রদান ;<br>বৃত্তি মূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর দক্ষতাবৃদ্ধি ও আয়বর্ধন মূলক কর্মকা- সম্পৃক্ত করে তাদের সমাজের মূলস্রোত ধারায় আনয়ন;<br>৫০ বছর বাতদুর্ধ্ব বয়সের অক্ষম ও অসচ্ছল ব্যক্তিকে বিশেষ ভাতা জন প্রতি মাসিক ৫০০ টাকা প্রদান;<br>প্রশিক্ষণোত্তর পুর্নবাসন সহায়তা ১০০০০(দশ হাজার) টাকা । | |

# সম্পত্তিতে হিন্দু নারীদের সমান অধিকারের দাবি

সম্পত্তির উত্তরাধিকার থেকে দেশের হিন্দু নারীরা বঞ্চিত। স্বামী মারা যাওয়ার পর হিন্দু নারীদের বাবার বাড়িতে আশ্রয় নিয়ে কোনোভাবে বেঁচে থাকতে হয়। তাদের পিতা ও স্বামীর সম্পত্তির অধিকার নেই। প্রতিবেশী দেশ ভারতে আইন করে হিন্দু নারীদের সম্পত্তিতে সমানাধিকার দেওয়া হয়েছে। বাংলাদেশেও এই আইন হওয়া উচিত, যাতে হিন্দু নারীরা আর বঞ্চিত না হন।

জনউদ্যোগ, খুলনা ও গুণীজন স্মৃতি পরিষদের উদ্যোগে ১১ মে ২০২১ অনুষ্ঠিত 'হিন্দু উত্তরাধিকার আইনে নারী সম্পত্তি'- শীর্ষক ভার্চুয়াল আলোচনাসভায় বক্তারা এ দাবি তোলেন। সভায় সভাপতিত্ব করেন জনউদ্যোগ, খুলনার নারী সেলের আহ্বায়ক অ্যাডভোকেট শামীমা সুলতানা শীলু। সঞ্চালনা করেন সাংবাদিক মঞ্জুরুল আলম পান্না।

আইনের ওপর আলোচনা করেন খুলনা ল কলেজের অধ্যক্ষ এম এ আউয়াল, ঢাকা থেকে যুক্ত হন উন্নয়ন কর্মী ও নারী নেত্রী সঞ্চিতা তালুকদার, যশোর জনউদ্যোগের নেত্রী অ্যাডভোকেট কামরুন নাহার কনা, যশোর আইইডি'র ম্যানেজার বিথীকা সরকার, খুলনা মহিলা পরিষদের নেত্রী অধ্যাপিকা অজন্তা দাস, অ্যাডভোকেট পপী ব্যানার্জী প্রমুখ।

বক্তারা বলেন, ধর্মীয় নেতা ও আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করে হিন্দু নারীর সম্পত্তিতে সমানাধিকার আইনটি অতি দ্রুত প্রণয়ন করা দরকার।

# লিঙ্গ বৈচিত্র্য মানুষের জীবন বদলে ঘরের সঙ্গে জীবিকার সংস্থান শেরপুরে




লিঙ্গ বৈচিত্র্য মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে শেরপুরে সরকারি ঘর প্রদানের পাশাপাশি নানা কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহায়তায় জেলাপ্রশাসনের উদ্যোগে সদর উপজেলার কামারিয়া ইউনিয়নের কবিরপুর মৌজার আন্ধারিয়া সুতিরপাড় এলাকায় ২ একর খাসজমিতে তৈরি হয়েছে গুচ্ছগ্রাম 'স্বপ্নের ঠিকানা।' কামারিয়া ইউনিয়ন ভুমি উন্নয়ন কর্মকর্তা হুরমুজ আলী জানিয়েছেন,এই জমিতে জেলার ৪০ জন তৃতীয় লিঙ্গ বা হিজড়ার নামে বরাদ্দ দেওয়া হচ্ছে রান্নাঘর ও স্বাস্থ্যসম্মত পায়খানাসহ বসবাসের জন্য ঘর। লিঙ্গ বৈচিত্র্য জনগোষ্ঠীর আবাসন বিষয়ক সভায় জানানো হয়, এ আবাসনে বসবাসকারীদের আয়ের জন্য থাকবে প্রায় ৪০শতক জমির ওপর একটি পুকুরসহ ফসলচাষের খেত। এছাড়া আত্মকর্মসংস্থান প্রশিক্ষণের জন্য নির্মিত হচ্ছে একটি বহুমুখী প্রশিক্ষণকক্ষ। নাগরিক প্ল্যাটফরম জনউদ্যোগ-শেরপুর ও জেলা হিজড়া কল্যাণ সংস্থার যৌথ আয়োজনে ৭ ফেব্রুয়ারি ২০২১ শহরের মডেল গার্লস ডিগ্রি কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় লিঙ্গ বৈচিত্র্য জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির প্রতিশ্রুতি দেয়া হয়।

তারা বলেন, তারা ভিক্ষাবৃত্তি ও চাঁদাবাজি করে জীবনযাপন করতে চান না। বলেন, 'আমরা মানুষের মতো বাঁচতে চাই, কর্ম করে খেতে চাই।' মৌমিতা নামে একজন গাড়ি চালানো শেখার আগ্রহ প্রকাশ করে তাদের সবার জন্য যোগ্যতা অনুযায়ী কাজ ও প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির কথা বলেন। উদীচী জেলা সংসদের সভাপতি তপন সারোয়ার লিঙ্গ বৈচিত্র্যের মানুষ নিয়ে একটি সাংস্কৃতিক দল তৈরি এবং বিনা খরচে নাচ গান শেখানোর পদক্ষেপ নেওয়ার আশ্বাস দেন।

অনুষ্ঠানে গুচ্ছগ্রামে ঘর বরাদ্দপ্রাপ্ত লিঙ্গ বৈচিত্র্যের মানুষের নিবন্ধন ও কবুলিয়ত সম্পাদনের স্বাক্ষর গ্রহণ করা হয়।

জনউদ্যোগের আহ্বায়ক শিক্ষক আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তব্য দেন শিক্ষাবিদ শিবশংকর কারুয়া, জেলা সমাজসেবা কার্যালয়ের কর্মকর্তা কবি হাজানুজ্জামান সরাফত, সাংবাদিক হাকিম বাবুল, আইইডির ব্যবস্থাপক মানিক পাল ও জেলা কমিউনিস্ট পাটির সাধারণ সম্পাদক মাসুম ইবনে শফিক প্রমুখ।

সম্পাদক : নুমান আহম্মদ খান

ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) কর্তৃক
কল্পনা সুন্দর, ১৩/১৪ বাবর রোড (৩য় তলা), ব্লক বি, মোহাম্মদপুর হাউজিং এস্টেট, ঢাকা ১২০৭ থেকে প্রকাশিত ও প্রচারিত এবং চিত্রকল্প থেকে মুদ্রিত।
ফোন : (৮৮০-২) ৫৮১৫১০৪৮, ই-মেইল : ieddhaka@gmail.com ওয়েব: www.iedbd.org